JAN. 05 2002

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৩......

# সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সহযোগিতার কার্যকর ক্ষেত্র গড়ে ওঠেনি ॥ সমীক্ষা

**জনকণ্ঠ প্রতিনিধি, কাঠমণ্ডু থেকে ॥** একাদশ সার্ক শীর্ষ সম্মেলনকে কেন্দ্র করে যে প্রশ্নটি পর্যবেক্ষক মহলের সামনে এসেছে তা হলো সার্ক গঠনের লক্ষ্য কতটুকু বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। সর্বশেষ এক সমীক্ষায় দেখা যায়, বিগত সম্মেলনগুলোর ঘোষণা ও সিদ্ধান্ত কার্যকর হয়েছে খুবই কম। সাতটি দেশের মধ্যে এখন পর্যন্ত তেমন কার্যকর কোন সহযোগিতার ক্ষেত্র গড়ে ওঠেনি। অসহযোগিতার সবচেয়ে বড় ক্ষেত্রটি হচ্ছে অর্থনৈতিক। সার্কের সাতটি সদস্য দেশ তাদের মোট বাণিজ্যের মাত্র পাঁচ ভাগ করেছে নিজেদের মধ্যে। বাকি ৯৫ ভাগ বাণিজ্য হয়েছে অন্যদেশের সঙ্গে। এ ক্ষেত্রে ইইউ সদস্য দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য করেছে শতকরা ৫৫ ভাগ, উত্তর আমেরিকান জোট (নাফতা) করেছে শতকরা ৫২ ভাগ এবং আসিয়ান করেছে ২০ ভাগ। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্যিক আদান-প্রদান ও লেনদেন খুবই দুর্বল। অনেক ক্ষেত্রে দেখা যায়, সদস্য দেশগুলো একই পণ্য নিয়ে পরস্পরের বিরুদ্ধে প্রতিযোগিতায় লিপ্ত হয়। দেশগুলোর মধ্যে কোন সম্পূরক খাত এখন পর্যন্ত গড়ে ওঠেনি। সার্কের সব দেশের সঙ্গে রয়েছে ভারতের সীমান্ত এবং বাণিজ্য বৈষম্য। বলা যায়, পাকিস্তান ছাড়া বাকি পাঁচটি দেশ ভারতীয় পণ্য বাজারে পরিণত হয়েছে। বৃহৎ প্রতিবেশীর প্রতি অপেক্ষাকৃত ক্ষুদ্র প্রতিবেশী দেশগুলোর রয়েছে অবিশ্বাস ও সন্দেহ। যার ফলে একটি আঞ্চলিক ফোরামের সদস্য হওয়া সত্ত্বেও সদস্য দেশগুলো রয়েছে পরস্পরের কাছ থেকে অনেক দূরে।